

জাকসু নির্বাচনে কোন হলে কত ভোটার?

অনলাইন ডেক্স



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ ৩৩ বছর পর আজ অনুষ্ঠিত

হচ্ছে কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন।

বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত

টানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে বিশ্ববিদ্যালয়ের ২১টি কেন্দ্রে। এসব

কেন্দ্রে স্থাপন করা হয়েছে ২২৪টি বুথ।

নির্বাচন উপলক্ষে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয়

প্রশাসন।

এর আগে মঙ্গলবার জাকসু নির্বাচন কমিশন এক সংবাদ ব্রিফিংয়ে

নির্বাচনের সার্বিক তথ্য তুলে ধরে।

নির্বাচনে অংশ নিচ্ছে ছাত্রদল, বামজোট, বাংলাদেশ গণতান্ত্রিক

ছাত্র সংসদ (বাগছাস), ইসলামী ছাত্রশিবির, বামপন্থি সংগঠন,

স্বতন্ত্রসহ মোট ৮টি প্যানেল। কেন্দ্রীয় সংসদের ২৫টি পদের

বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৭৭ জন প্রার্থী। এবারের নির্বাচনে

মোট ভোটার সংখ্যা ১১ হাজার ৮৯৭ জন।

এর মধ্যে ছাত্র ৬ হাজার ১১৫ জন এবং ছাত্রী ৫ হাজার ৭২৮ জন।

ছাত্রদের হলের মধ্যে আল বেরুনী হলে ভোটার ২১০ জন, আ ফ

ম কামালউদ্দিন হলে ৩৩৩ জন, মীর মশাররফ হোসেন হলে

৪৬৪, শহীদ সালাম-বরকত হলে ২৯৮, মওলানা ভাসানী হলে

৫১৪, ১০ নম্বর ছাত্র হলে ৫২২, শহীদ রফিক-জৰ্বার হলে ৬৫০,

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হলে ৩৫০, ২১ নম্বর ছাত্র হলে ৭৩৫,

জাতীয় কবি নজরুল হলে ৯৯২ এবং তাজউদ্দীন আহমদ হলে

৯৪৭ জন ভোটার রয়েছেন।

ছাত্রীদের হলের মধ্যে নওয়াব ফয়জুন্নেসা হলে ২৭৯ জন,

জাহানারা ইমাম হলে ৩৬৭, প্রীতিলতা হলে ৩৯৬, বেগম খালেদা

জিয়া হলে ৪০৩, সুফিয়া কামাল হলে ৪৫৬, ১৩ নম্বর ছাত্রী হলে

৫১৯, ১৫ নম্বর ছাত্রী হলে ৫৭১, রোকেয়া হলে ৯৫৬,

ফজিলাতুন্নেছা হলে ৭৯৮ এবং তারামন বিবি হলে ৯৮৩ জন

ভোটার রয়েছেন।

